

Ex/UG/CL/CBCS/Core/4.3A/2022

BACHELOR OF ARTS EXAMINATION, 2022

(2nd Year, 4th Semester)

COMPARATIVE LITERATURE

Course – UG/CL/CBCS/Core/4.3A

(সাহিত্যিক প্রতিগ্রহণ ও বাংলা সাহিত্য-২)

Full Marks: 30

Time: Two Hours

প্রশ্নগুলি সমমানের।
কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায়
সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) রবীন্দ্রনাথের 'শকুন্তলা' প্রবন্ধটি প্রকৃতিপক্ষে বঙ্কিমচন্দ্রের বিশ্লেষণের প্রত্যুত্তর। -- এই বক্তব্য তুমি গ্রহণ করবে কি? যুক্তিসহ আলোচনা করো।

অথবা,

খ) ঊনবিংশ শতকের জাতীয়তাবাদের প্রেক্ষিতে ইতিহাসভিত্তিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের দুর্গেশনন্দিনী সফল কী না আলোচনা করো।

২। ক) ইসলামের ইতিহাসের অন্যতম অধ্যায় কারবালা যুদ্ধ বিষয়ে প্রথম গদ্য আখ্যান রচনা করার জন্য মীর মশাররফ হোসেন কী কী আখ্যানকৌশল ও ভাষাপ্রকরণ ব্যবহার করেন? কিন্তু তাতে কি বিষাদ সিন্ধু-কে একটি ঐতিহাসিক উপন্যাস বলা চলে?

অথবা,

পদ্মাবত এই প্রেমোপাখ্যানে মালিক মুহম্মদ জয়সী কীভাবে তসাউফকে স্থানীয় ধর্মতত্ত্বের রূপকে, সংস্কৃত ভাষার ও আখ্যানের গতিতে পরিবেশন করেন আলোচনা কর। আলাওলের পদ্মাবতী-র ক্ষেত্রে সুফি তত্ত্বকে কি আমরা একই ভাবে দেখতে পাই?

৩। ক) প্রচলিত অভিনয় পাঠ্য লিখিত সাহিত্য মাধ্যমে রূপান্তরিত হলে কী কী ধরনের পাঠান্তরের সম্ভাবনা তৈরি হতে পারে মছয়া পালা'র অনুষ্ণে আলোচনা করো।

অথবা,

খ) ঠাকুরমার ঝুলির গল্পকে কি লোককথা বলা যায়? যুক্তিসহ তোমার মত আলোচনা করো।